

সময় বাড়লো বেসরকারি মেডিকেল ভর্তির

ইত্তেফাক অনলাইন ডেঙ্ক

প্রকাশ : ২১ জুলাই ২০২৩, ১৪:৫৭



প্রতিকী ছবি

বেসরকারি মেডিকেল কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস প্রথম বর্ষে ভর্তির সময়সীমা বাড়িয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদফতর। নতুন সময় অনুযায়ী আগামী ২৬ জুলাই পর্যন্ত মেধা তালিকা থেকে শিক্ষার্থীরা ভর্তি হতে পারবেন।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে **Google News** অনুসরণ করুন

বৃহস্পতিবার (২০ জুলাই) অধিদফতরের পরিচালক (ভারপ্রাণ্ড) ডা. মুজতাহিদ মুহাম্মদ হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, বেসরকারি মেডিকেল কলেজগুলোতে এমবিবিএস কোর্সে স্বয়ংক্রিয় অভিপ্রায়ণ (মাইগ্রেশন) এবং অপেক্ষমান তালিকা থেকে দেশি শিক্ষার্থী ভর্তির সময়সীমা আগামী ২৬ জুলাই অফিস চলাকালীন সময় পর্যন্ত বর্ধিত করা হলো।

গত ১২ জুলাই স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজগুলোতে ২০২২-২৩ শিক্ষাবর্ষ এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদের ক্লাস আগামী ২৩ জুলাই থেকে শুরু হবে।